

জাতীয় | রাজউক

রাজউকের ফ্ল্যাট : বসবাসযোগ্য না করেই হস্তান্তরের অভিযোগ



PRAN milk drink The Magical Milk

নিজস্ব প্রতিবেদক
প্রকাশিত: ৩০ মার্চ ২০১৮ | ১:২৯ পিএম

Add Jagonews24 on
ফটোকার্ড শেয়ার

রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট প্রকল্পের ফ্ল্যাট বসবাসের উপযোগী না করেই হস্তান্তর করা হয়েছে বলে অভিযোগ করেছেন বরাদ্দপ্রাপ্ত ফ্লাট মালিকরা।

শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট মালিক কল্যাণ সমিতির পক্ষ থেকে এ অভিযোগ করা হয়েছে।

বিজ্ঞাপন

Fresh INSTANT FULL CREAM MILK POWDER
২৮% মিল্ক ফ্যাটের অবাক করা স্বাদে

রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট মালিক কল্যাণ সমিতির সভাপতি হামিদুর রহমান বলেন, প্রকল্পভুক্ত কোনো ফ্ল্যাটই এখন পর্যন্ত পরিবার পরিজন নিয়ে বসবাসের উপযোগী নয়। কোনো বিবেচনায়ই প্রকল্প এলাকা আবাসন উপযোগী হয়ে ওঠেনি। বহুতল বিশিষ্ট ভবনে বসবাসের জন্য সার্বক্ষণিক বিদ্যুৎ, গ্যাস, পানি, লিফট, সোয়ারেজ লাইন, রাস্তা, নিরাপত্তা, যাতায়াত ব্যবস্থা, নূন্যতম বাজার সুবিধা, অস্থায়ী উপসানালয়, চিকিৎসা ও শিক্ষা সুবিধাসহ কোনো সুবিধাই সৃষ্টি করা হয়নি।

তিনি বলেন, নিরুপায় হয়ে যে ২ জন ফ্ল্যাটে উঠেছেন তারা চরম নিরাপত্তাহীনতাসহ নানাবিধ ভোগান্তিতে বসবাস করছেন। এ কারণে ইতোমধ্যে ১ জন ফ্ল্যাট ছেড়ে চলেও গেছেন।

বিজ্ঞাপন





সমিতির পক্ষ থেকে বলা হয়, সম্প্রসারিত উত্তরা প্রকল্প (৩য় পর্ব) ১৮ নং সেক্টরের 'এ' ব্লকে ৮৪টি ১৬তলা ভবন নির্মাণ করে ৩৭০ বর্গফুট কমন স্পেসসহ ১২৫০ বর্গফুট আয়তনের ৬৬০০ ফ্ল্যাট বরাদ্দ দেয়ার লক্ষ্যে 'উত্তরা রাজউক অ্যাপার্টমেন্ট প্রকল্প হাতে নেয়া হয়। প্রতি বর্গফুটের মূল্য ৩৫০০ টাকা হিসেবে প্রতিটি ফ্ল্যাটের মূল্যে ধার্য করা হয় ৫৬ লাখ ৭০ হাজার টাকা। আবেদনের শর্তানুযায়ী প্রতিটি ফ্ল্যাটের জন্য তিন লাখ টাকা জামানত এবং প্রতি কিস্তিতে ৬ লাখ ৭১ হাজার ২৫০ টাকা হিসেবে সর্বমোট ৮ কিস্তিতে পরিশোধযোগ্য নির্ধারণ করা হয়। এর মধ্যে প্রথম কিস্তি জমা দিয়ে ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে বলা হয়। ২০১৮ সালের ৭ জানুয়ারিতে অনুষ্ঠিত লটারির মাধ্যমে বরাদ্দপ্রাপ্ত ২ হাজার ৬২১ জনকে আগামী ৩১ মে ৫ লাখ টাকা জমা দিয়ে ফ্ল্যাটের চাবি বুঝে নেয়ার জন্য পত্র জারি করা হয়।

এ সময় সমিতির পক্ষ থেকে বসবাস উপযোগী ফ্ল্যাট বিষয়ক দাবিগুলোর পাশাপাশি উত্তরা ১৮ নম্বর সেক্টর থেকে মিরপুর ১১ নম্বর বরাবর রাস্তার নির্মাণ কাজ দ্রুত শেষ করার দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে প্রকল্প এলাকায় বসবাসের আনুসঙ্গিক সুবিধা সৃষ্টির দাবিগুলো আগামী ২০ এপ্রিলের মধ্যে বাস্তবায়ন না হলে জাতীয় প্রেস ক্লাবের সামনে মানবন্ধন কর্মসূচি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী বরাবর স্বারকলিপি এবং ১০ মে প্রধানমন্ত্রী বরাবর স্বারকলিপি দেয়া হবে বলে সমিতির পক্ষ থেকে জানানো হয়।

বিজ্ঞাপন

এ সময় সমিতির সাধারণ সম্পাদক নজরুল ইসলামসহ ফ্ল্যাট বরাদ্দপ্রাপ্ত অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এএস/এমএমজেড/এমএস

ফলো করুন গুগল নিউজ চ্যানেল হোয়াটসঅ্যাপ চ্যানেল

পাঠকপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগোনিউজ২৪.কমে লিখতে পারেন আপনিও। লেখার বিষয় ফিচার, ভ্রমণ, লাইফস্টাইল, ক্যারিয়ার, তথ্যপ্রযুক্তি, ধর্ম, কৃষি ও প্রকৃতি। আজই আপনার লেখাটি পাঠিয়ে দিন jagofeature@gmail.com ঠিকানায়।

সীমান্তের ওপারের ইশারায় দেশকে অস্থিতিশীল করতে চাইছেন অনেকে

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ১১:১১ এএম



শ্রমিক আন্দোলনের নামে দেশে অস্থিরতা সৃষ্টির চেষ্টা করলে তাদের কঠোর হস্তে দমন করা হবে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ...

বিস্তারিত পড়ুন

মিরপুরে আজও সড়কে নামার চেষ্টা পোশাকশ্রমিকদের, কড়া পাহারায় পুলিশ

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ১০:৫৬ এএম



৩০ হাজার টাকা বেতন বৃদ্ধির দাবিতে রাজধানীর মিরপুরে পোশাকশ্রমিকদের বিক্ষোভ তৃতীয় দিন আজ...

বিস্তারিত পড়ুন

রাজপথ উত্তপ্ত করছে জামায়াত, আগুন দিচ্ছে আওয়ামী লীগ: রাশেদ খাঁন

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ১০:৫২ এএম



শ্রমিক আন্দোলনের নামে জামায়াতে ইসলামী রাজপথকে উত্তপ্ত করছে এবং আন্দোলনের ভেতর ঢুকে আওয়ামী লীগ আগুন লাগিয়ে দিচ্ছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী (সচিব পদমর্যাদা) রাশেদ খাঁন...

বিস্তারিত পড়ুন

আজ থেকে ব্যাটারিচালিত অটোরিকশার নিবন্ধন শুরু

প্রকাশিত: ২ নভেম্বর ২০২৬ | ১০:৪৬ এএম



আজ সোমবার (২ নভেম্বর) থেকে দেশের ১৩টি সিটি করপোরেশনে ব্যাটারিচালিত তিন চাকার ই-রিকশার নিবন্ধন কার্যক্রম শুরু হচ্ছে...

বিস্তারিত পড়ুন

Jagonews24: বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

জাগোনিউজ২৪ বাংলাদেশের শীর্ষস্থানীয় অনলাইন নিউজ পোর্টাল। রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা ও বিনোদনসহ দেশ-বিদেশের সর্বশেষ ব্রেকিং নিউজ ও নির্ভরযোগ্য সংবাদের জন্য সাথেই থাকুন জাগোনিউজ২৪-এর।

অ্যাপ ডাউনলোড করুন

GET IT ON Google Play

Available on the App Store

সম্পাদক: কে. এম. জিয়াউল হক

© ২০২৬ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম

একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা)
গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২